গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০১৬.২২-৭২০

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

**বিষয়ঃ ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় Bangla QR লেনদেনের সম্প্রসারণ সংক্রান্ত।**

সূত্রঃ বাংলাদেশ ব্যাংক এর স্মারক নং-১৭৩১, তারিখ: ০৩ আগস্ট ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো। ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে রিটেইল ব্যবসা প্রতিষ্ঠান/মার্চেন্ট-সমূহের জন্য লাইসেন্স ইস্যু ও নবায়নের অন্যতম শর্ত হিসেবে Bangla QR লেনদেনে অন্তর্ভুক্তি বাধ্যতামূলক করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৪.০৮.২৫
(মোঃ ফিরোজ মাহমুদ)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

**বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২। প্রশাসক, পৌরসভা (সকল)।

**অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (সিটি কর্পোরেশন-২/পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মেয়র/প্রশাসকের একান্ত সচিব, সিটি কর্পোরেশন (সকল)।
৯। অফিস কপি।

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

৩৭/

পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট

সূত্র নং-পিএসডি (সিবি)/০১/২০২৫/১৭৩১

তারিখ: ০৩ আগস্ট ২০২৫

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ৬১৫
তারিখঃ ৩/৮/২৫
স্বাক্ষর

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় Bangla QR লেনদেনের সম্প্রসারণ প্রসঙ্গে।**

অন্তর্ভুক্তিমূলক পেমেন্ট অবকাঠামো বাস্তবায়নে অনলাইন ও POS পেমেন্টের পাশাপাশি প্রান্তিক পর্যায়ে ডিজিটাল রিটেইল পেমেন্ট প্রসারের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জনস্বার্থে ব্যয় সাশ্রয়ী ও interoperable পেমেন্ট ব্যবস্থা Bangla QR কোডভিত্তিক লেনদেন প্রচলন করা হয়। Bangla QR চ্যানেলে অংশগ্রহণকারী যেকোন ব্যাংক/এমএফএস/পিএসপি এর গ্রাহকগণ মোবাইল app ব্যবহার করে Bangla QR স্ক্যান করে যেকোন ব্যাংক/এমএফএস/পিএসপি এর মার্চেন্ট/দোকানে পেমেন্ট করতে পারেন বিধায় গ্রাহককে নগদ অর্থ কিংবা কার্ড বহন করতে হয় না এবং পেমেন্ট দ্রুত, নিরাপদ ও সুবিধাজনক হয়, যা লেনদেন মাধ্যমে প্রতারণা, জাল নোটের ঝুঁকি হ্রাস করে। এছাড়া, ক্ষুদ্র ও প্রান্তিক পর্যায়ের বিক্রেতাগণ স্বল্প খরচে ডিজিটাল পেমেন্ট ব্যবস্থায় অন্তর্ভুক্ত হতে পারেন। এছাড়াও নগদ অর্থ ছাপানো ও বন্টন ব্যবস্থাপনায় সরকারের বছরে প্রায় ১০ হাজার কোটি টাকা ব্যয় হয় যা ডিজিটাল লেনদেনের মাধ্যমে সাশ্রয় করা সম্ভব।

বাংলাদেশ ব্যাংক QR কোডভিত্তিক লেনদেনের ক্ষেত্রে ব্যাংক/এমএফএস/পিএসপি এর জন্য Bangla QR ব্যবহার বাধ্যতামূলক করার পদক্ষেপ গ্রহণ করছে। এ প্রক্রিয়ায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) হতে লাইসেন্স প্রাপ্ত রিটেইল ব্যবসা প্রতিষ্ঠান/মার্চেন্ট-সমূহ Bangla QR লেনদেনে অন্তর্ভুক্ত না হলে সার্বিক ডিজিটাল লেনদেনের প্রসার সম্ভব নয়। এক্ষেত্রে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ হতে রিটেইল ব্যবসা প্রতিষ্ঠান/মার্চেন্ট-সমূহের জন্য লাইসেন্স ইস্যু ও নবায়নের অন্যতম শর্ত হিসেবে Bangla QR লেনদেনে অন্তর্ভুক্তির বাধ্যবাধকতা থাকলে সার্বিক ডিজিটাল লেনদেনের প্রসারের প্রক্রিয়া কার্যকরী হবে। ফলশ্রুতিতে, একদিকে যেমন অর্থ ছাপানো ও বন্টন ব্যবস্থাপনায় সরকারের বিপুল ব্যয় সাশ্রয় হবে, তেমনি এসকল প্রতিষ্ঠানের রিটেইল লেনদেনের স্বচ্ছতা বৃদ্ধি পাবে এবং এ খাতে সরকারের রাজস্ব আহরণ সহজ হবে।

বর্ণিত প্রেক্ষাপটে, জনস্বার্থে ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে রিটেইল ব্যবসা প্রতিষ্ঠান/মার্চেন্ট-সমূহের জন্য লাইসেন্স ইস্যু ও নবায়নের অন্যতম শর্ত হিসেবে Bangla QR লেনদেনে অন্তর্ভুক্তি বাধ্যতামূলক করণে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

নম্বর........ তারিখ ৪।৮।২৫
১। যুগ্মসচিব-(নঃউঃ-১/২/৩)
২। উপসচিব/সিঃসহঃসঃ-(সিঃকঃ-১/২)
৩। উপসচিব/সিঃসহঃসঃ-(পৌরঃ-১/২)
৪। উপসচিব/সিঃসহঃসঃ-(নঃউঃ-১/২/৩)
অতিরিক্ত সচিব (নঃ উঃ)

আপনাদের বিশ্বস্ত,

(রাফেজা আক্তার কান্তা)
পরিচালক (পিএসডি)
ফোন: ২৯৫৩০৩৩৪
ই-মেইল: rafeza.kanta@bb.org.bd

নম্বর ১০১৪ তারিখঃ ০৫।৮।২৫
১। উপ-সচিব-সিঃ কঃ-১
২। উপ-সচিব-সিঃ কঃ-২
৩। নগর উন্নয়ন-১
৪। নগর উন্নয়ন-২
যুগ্মসচিব (নঃউঃ-১) অধিশাখা